

সাইফুর'স লোগো দেখে চলে গেলেন আইনমন্ত্রী ও ঢাবি ভিসি

নিজস্ব বার্তা পরিবেশক

ঢাকা রিপোর্টার্স ইউনিটির (ডিআরইউ) প্রাথমিক সমাপনী ও জেএসসির কৃতী শিক্ষার্থীদের সংবর্ধনা ও বৃত্তি প্রদান অনুষ্ঠানের ব্যানারে 'সাইফুর'স কোচিং সেন্টার'-এর লোগো থাকায় অনুষ্ঠানস্থল ত্যাগ করলেন আইনমন্ত্রী আনিসুল হক। একই বিষয়ে আপত্তি জানিয়ে অনুষ্ঠানস্থল ত্যাগ করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য আআমস আরেফিন সিদ্দিক।

গতকাল সেগুনবাগিচায় ডিআরইউ মিলনায়তনে এ ঘটনা ঘটে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে আইনমন্ত্রী এবং বিশেষ অতিথি হিসেবে ঢাবি উপাচার্য আমন্ত্রিত ছিলেন।

অনুষ্ঠানস্থলে এসে অনুষ্ঠানের ব্যানারে সহযোগিতায় 'সাইফুর'স প্রাইভেট লিমিটেড' লেখা দেখে আপত্তি তোলেন আইনমন্ত্রী। এই প্রতিষ্ঠানটি লোগো : পৃষ্ঠা : ২ ক : ১

লোগো : দেখে

(১৬ পৃষ্ঠার পর)

'বিতর্কিত', তাই এই অনুষ্ঠানে থাকা সম্ভব হচ্ছে না বলে অনুষ্ঠানস্থল ত্যাগ করেন আইনমন্ত্রী। এ সময় ডিআরইউ সভাপতি জামাল উদ্দীন ও সাধারণ সম্পাদক রাজু আহমেদ অনুরোধ করলেও তাতে সাড়া মেলেনি। একই কথা বলে মন্ত্রীর সঙ্গে অনুষ্ঠানস্থল ত্যাগ করেন ঢাবি উপাচার্য। অনুষ্ঠানে ডিআরইউ'র সাবেক সভাপতি শাহেদ চৌধুরী ও সাধারণ সম্পাদক ইলিয়াস খানসহ অন্যান্য নেতারা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানস্থল থেকে মন্ত্রীর চলে যাওয়ার বিষয়ে ডিআরইউ সাধারণ সম্পাদক রাজু আহমেদ গণমাধ্যমকে বলেন, বিষয়টি অনাকাঙ্ক্ষিত, অনুষ্ঠানটি অনেক আগে থেকেই নির্ধারিত ছিল।

পরে সাইফুর'স প্রাইভেট লিমিটেডের চেয়ারম্যান শামস আর খান ও ব্যবস্থাপনা পরিচালক সাইফুর রহমান খান পিইসি ও জেএসসিতে কৃতী ৪০ জন শিক্ষার্থীকে সংবর্ধনা ও বৃত্তি প্রদান করেন। সংবর্ধনা ও বৃত্তিপ্রাপ্তরা ডিআরইউ সদস্যদের সন্তান।

প্রসঙ্গত, বাংলাদেশ ব্যাংকের অর্থ লোপাটের ঘটনার সময় দক্ষ 'হ্যাকার তৈরির বিজ্ঞাপন' দিয়ে গত মার্চে আলোচনায় আসে সাইফুর'স কোচিং সেন্টার। শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এই কোচিং সেন্টারটির বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেয়ার হুঁশিয়ারি দেন। এর পর পর শিক্ষা মন্ত্রণালয় রমনা থানায় এই কোচিং সেন্টারের বিরুদ্ধে জিডি করে এবং বিষয়টি তদন্ত করতে দুর্নীতি দমন কমিশনকে চিঠি দেয়।